# মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

## হাদিস নাম্বারঃ ৫২১২

পর্ব-২৬: মন-গলানো উপদেশমালা (كتاب الرقَاق)

পরিচ্ছেদঃ তৃতীয় অনুচ্ছেদ

اَلْفصْلُ الثَّالِثُ

---

আরবী

وَعَنْ حُذَيْفَةَ رَضِيَ اللَّهُ عَنْهُ قَالَ: سَمِعْتُ رَسُولَ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ يَقُولُ فِي خُطْبَتِهِ: «الْخَمْرُ جِمَاعُ الْإِثْمِ وَالنِّسَاءُ حَبَائِلُ الشَّيْطَانِ وَحُبُّ الدُّنْيَا رَأْسُ كُلِّ خَطِيئَةٍ» قَالَ: وَسَمِعْتُهُ يَقُولُ: «أَخِّرُوا النِّسَاءَ حَيْثُ أَخَّرَهُنَّ اللَّهُ» . رَوَاهُ رزين

لم اجده ، رواه رزين (لم اجده) * و للحديث شاهد عند الدارقطنى (4 / 247 ح 4564) وغيره من حديث زيد بن خالد بہ و سنده ضعيف ، فيہ عبدالله بن مصعب و ابوه مجهولان ۔ 0 قولہ :" أخر و النساء حيث أخرهن اللہ " رواه عبدالرزاق (3 / 194 ح 5115 موقوفًا) عن ابن مسعود رضى الله عنہ و سنده ضعيف و للاثر شاهد ضعيف منقطع عند الطبرانى فى الكبير (9 / 342 ح 9485) ۔
(لاأصل لَهُ مَرْفُوعا)

বাংলা

৫২১২-[৫৮] হুযায়ফাহ্ (রাঃ) হতে বর্ণিত। তিনি বলেন, আমি রাসূলুল্লাহ (সা.) -কে তার খুত্ববায় বলতে শুনেছি, মদ হলো পাপের সমষ্টি। নারী সম্প্রদায় শয়তানের ফাঁদ। দুনিয়ার মুহাব্বাত সকল গুনাহের মূল। বর্ণনাকারী বলেন, আমি তাঁকে এটাও বলতে শুনেছি; তোমরা নারীদেরকে পিছনে সরিয়ে রাখো, যেভাবে আল্লাহ তাদেরকে পিছনে রেখেছেন। (রযীন)

ফুটনোট

যঈফ : সানাদে আবদুল্লাহ ইবনু মু'আব ইবনু খালিদ ইবনু যায়দ তার পিতা থেকে তবে তারা উভয়ে অপরিচিত।

যঈফাহ ২০৫৯, য'ঈফুল জামি ১২৩৯।

ব্যাখ্যা

ব্যাখ্যা : (خَمْرُ) ‘খমর বা মদ সকল পাপের সমষ্টি, যা সকল পাপকে একত্র করে এবং সকল পাপের বাহন। ত্ববারানীর এক মারফু হাদীসে এসেছে, (لْخَمْرُأُمُّ الْفَوَاحِشِ وَأَكْبَرُ الْكَبَائِرِ، وَمَنْ شَرِبَ الْخَمْرَ تَرَكَ الصَّلَاةَوَوَقَعَ عَلَى أُمِّهِ وَعَمَّتِهِ وَخَالَتِهِ) মদ্যপান হলো সকল কুকর্মের জননী এবং বড় ধরনের কাবীরা গুনাহের অন্তর্ভুক্ত। যে তা পান করে, সালাত বর্জন করে এবং তার মায়ের সাথে ব্যভিচারে লিপ্ত হয়, ফুপীর সাথে এবং খালার সাথেও। (জামি'উস্ সগীর ২/২৫২ পৃ., হা, ৪১৪১)

বায়হাক্বীর এক বর্ণনায় রয়েছে, “যে মদ্যপান করে সে সালাত বর্জন করে এবং মা, খালা ও ফুপুর ওপর উদগত হয়।” (জামিউস্ সগীর হা, ৪১৪২)
হাদীসের বাণী, “নারী জাতি শয়তানের রশি”, শয়তান নারীদের দ্বারাই তার অশুভ উদ্দেশ্য বাস্তবায়ন করে থাকে। পৃথিবীর বড় বড় যুদ্ধ-বিগ্রহের মূলে শায়ত্বন এই নারীকে ব্যবহার করেছে। বলা হয়ে থাকে ইবলীস যখন বানী আদাম-এর পিছনে প্রাণন্তকর পরিশ্রম করেও নিরাশ হয়ে যায় তখন নারীদের মাধ্যমে অবতীর্ণ হয় এবং সফলতা লাভ করে।

হাদীসের বাণী :(حب الدُّنْيَا رَأس كل خَطِيئً) “দুনিয়াপ্রীতি সকল পাপের শিরোমনি।” এ কথার মাফহুম হলো, তার বিপরীতটি বুঝানো অর্থাৎ(تَرْكُ الدُّنْيَا رَأْسُ كُلِّ عِبَادَةٍ) দুনিয়া বর্জন হলো সকল ‘ইবাদাতের শিরোমণি। বলা হয়ে থাকে যে, ব্যক্তি দুনিয়ার ভালোবাসায় লিপ্ত কোন প্রদর্শকই তাকে হিদায়াতের পথ দেখাতে পারেনি। আর যে দুনিয়া ত্যাগ করতে পেরেছে কোন পথভ্রষ্টকারীই তাকে বিপন্থগামী করতে পারেনি।
‘আল্লামাহ্ ত্বীবী (রহিমাহুল্লাহ) বলেন : তিনটি বাক্যের প্রত্যেকটি বাক্যই জাওয়ামিউল কালিম-এর অন্তর্ভুক্ত। কেননা প্রত্যেকটি কথাই এককভাবে পাপ ও লোকসানের ক্ষেত্রে আসল বা মূলভিত্তি।
মহিলাদের পিছনে রাখার অর্থ হলো- আল্লাহ যেমন তাদের আলোচনা, তাদের হুকুম এবং মরতবা পরে এনেছেন অনুরূপ তোমরাও তাদের পরে রাখ। সালাতে তারা পিছনের কাতারে থাকবে, ঈদের খুত্ববায় রাসূলুল্লাহ (সা.) তাদের পরে নাসীহাত করতেন। যুদ্ধের ময়দানে তাদের ফ্রন্টে রাখা হবে না বরং পিছনে থাকবে। (মিক্বাতুল মাফাতীহ; কাশফুল খফায়ি ১ম খণ্ড, ৪৩৪ পৃ.)
পিছনের আরেকটি অর্থ হলো- তাদের পর্দার অন্তরালে রাখা।

হাদিসের মান: যঈফ (Dai'f) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি  বর্ণনাকারীঃ হুযায়ফাহ ইবন আল-ইয়ামান (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=85192

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন